

শৃঙ্খলা ভঙ্গের দায়ে ফটিকছড়ি সরকারি স্কুলের ২২ শিক্ষার্থী বহিষ্কার

ফটিকছড়ি (চট্টগ্রাম) প্রতিনিধি



সংগৃহীত ছবি

উত্তর চট্টগ্রামের ঐতিহ্যবাহী ফটিকছড়ি করোনেশন সরকারি

মডেল উচ্চ বিদ্যালয়ে শৃঙ্খলা ভঙ্গ ও মারামারির ঘটনায় ২২

শিক্ষার্থীকে বহিষ্কার করেছে বিদ্যালয় কর্তৃপক্ষ।

মঙ্গলবার (১২ আগস্ট) প্রধান শিক্ষক মো. নাজিমুদ্দিন সরকার

স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বহিষ্কারের বিষয়টি নিশ্চিত করা হয়।

সূত্র জানায়, স্কুল প্রাঙ্গণে একদল শিক্ষার্থীর মারামারি ও অশোভন

আচরণের কারণে শিক্ষার পরিবেশ মারাত্মকভাবে ব্যাহত হয়, যা

সহপাঠীদের মধ্যে আতঙ্ক সৃষ্টি করে। ঘটনার গুরুত্ব বিবেচনা করে

বিদ্যালয় কর্তৃপক্ষ একটি তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করে।

তদন্ত শেষে দুই শিক্ষার্থীকে স্থায়ীভাবে বহিক্ষার এবং ২০ জনকে
বিভিন্ন মেয়াদে বরখাস্তের সিদ্ধান্ত নেওয়া হয়। বহিক্ষ্তদের মধ্যে
নবম শ্রেণির ৯ জন ও দশম শ্রেণির ১৩ জন রয়েছে।

প্রধান শিক্ষক মো. নাজিমুদ্দিন সরকার বলেন, ‘সম্প্রতি বিদ্যালয়ে
ঘটে যাওয়া মারামারি, শৃঙ্খলাভঙ্গ ও সহপাঠীদের জন্য অশান্ত
পরিবেশ তৈরি করাসহ গুরুতর ঘটনার অভিযোগ উঠে কিছু
শিক্ষার্থীর বিরুদ্ধে। এসব অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় ২২
জন ছাত্রকে বিভিন্ন মেয়াদে শাস্তি দেওয়া হয়েছে।